গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
নব-নিয়োগ শাখা

# প্রজ্ঞাপন

নম্বর : সম/নিন-১০/২০০৩-০৯

০১ মাঘ, ১৪১০
তারিখ : --------------------
১৪ জানুয়ারী, ২০০৪

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক গৃহীত ২২তম বিসিএস পরীক্ষা ২০০০ এর ফলাফলের ভিত্তিতে কমিশনের ২৪-০৮-২০০৩ খ্রিঃ তারিখের বাসককস/বিসিএস-২২(২০০০)ফলাফল(গোপনীয়)/৪/২০০৩/৪৪৯১ নম্বর পত্রের সুপারিশক্রমে এই প্রজ্ঞাপনের ৩ নং অনুচ্ছেদে বর্ণিত ০৪(চার) জন প্রার্থীকে বাংলাদেশ সিভিল সার্ভিসের বিভিন্ন ক্যাডারের প্রবেশ পদে জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ অনুসারে টাকা ৪৩০০-১৮৫×৭-৫৫৯৫-ইবি-১৯৫×১১-৭৭৪০/- বেতনক্রমে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হইল :

(ক) তাঁহাকে লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা অন্য কোন নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অন্যূন ৪(চার) মাসের বুনিয়াদী প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে; প্রয়োজনবোধে সরকার এই প্রশিক্ষণের মেয়াদ বাড়াইতে বা কমাইতে পারিবে; অথবা প্রয়োজনবোধে সরকার বুনিয়াদী প্রশিক্ষণের পূর্বে তাঁহাকে অন্য যে কোন প্রশিক্ষণের জন্য মনোনীত করিতে পারিবে;

(খ) উক্ত বুনিয়াদী প্রশিক্ষণ সমাপনান্তে তাঁহাকে তাঁহার চাকুরী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেইরূপ স্থির করিবে সেইরূপ পেশাগত ও বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে;

(গ) তাঁহাকে ২(দুই) বৎসর শিক্ষানবিস হিসাবে কাজ করিতে হইবে। শিক্ষানবিসীকালে যদি তিনি চাকুরীতে বহাল থাকিবার অনুপযোগী বলিয়া বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁহাকে চাকুরী হইতে অপসারণ করা যাইবে;

(ঘ) উপরের (ক) ও (খ) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সহিত সমাপনান্তে এবং বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর সন্তোষজনকভাবে শিক্ষানবিসীকাল অতিক্রান্ত হইলে তাঁহাকে চাকুরীতে স্থায়ী করা হইবে;

(ঙ) উপরের (ক) উপ-অনুচ্ছেদে উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে একজন জামানতদারসহ তাঁহাকে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে এই মর্মে একটি বন্ড সম্পাদন করিতে হইবে যে, যদি তিনি শিক্ষানবিসীকালে অথবা শিক্ষানবিসীকাল উত্তীর্ণ হওয়ার ৩(তিন) বৎসরের মধ্যে চাকুরীতে ইস্তফা দেন তবে প্রশিক্ষণকালে তাঁহাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে ব্যয়িত ভ্রমণভাতা এবং প্রশিক্ষণে ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবেন;

(চ) যদি তাঁহার ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে উপ-অনুচ্ছেদ (ঙ) মোতাবেক সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়া তিনি কর্তব্যে অনুপস্থিত থাকেন, তাহা হইলে তাঁহার নিকট প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ (১৯১৩ সালের বেঙ্গল এ্যাক্ট নং-৩) এর বিধান অনুসারে আদায় করা হইবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক তাঁহার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে;

(ছ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিবার অঙ্গীকারাবদ্ধ হইয়া থাকেন তবে এই নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে;

(জ) এই চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাইবেন না;

(ঝ) ২২তম বিসিএস পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত মেধাক্রম অনুযায়ী তাঁহার জ্যেষ্ঠতা অক্ষুণ্ণ থাকিবে;

(ঞ) এই প্রজ্ঞাপনে সুস্পষ্টভাবে বর্ণিত হয় নাই, এইরূপ ক্ষেত্রে তাঁহার চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-আদেশ প্রযোজ্য হইবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তাঁহার চাকুরী নিয়ন্ত্রিত হইবে।

২। যদি উপরের শর্তাবলী তাঁহার নিকট গ্রহণযোগ্য হয় তাহা হইলে আগামী ১০-০২-২০০৪ খ্রিস্টাব্দ/ ২৮ মাঘ, ১৪১০ বঙ্গাব্দ তারিখের মধ্যে সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত/পদায়নকৃত কার্যালয়ে, আর ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় হইতে পরবর্তী কোন নির্দেশ না পাইলে ১০-০২-২০০৪ খ্রি: তারিখে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে যোগদান করিবার জন্য তাঁহাকে অনুরোধ করা হইল। উক্ত তারিখের মধ্যে চাকুরীতে যোগদান না করিলে তিনি চাকুরীতে যোগদান করিতে সম্মত নহেন বলিয়া ধরিয়া লওয়া হইবে এবং এই নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৩। (ক) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন)
পদের নাম : সহকারী কমিশনার
সংখ্যা : ০২ জন

| মেধা ক্রমিক নম্বর | রোল/রেজি: নম্বর | প্রার্থীর নাম |
|---|---|---|
| ০৭ | ০৩১১১৬ | মো: সামছুল ইসলাম |
| ৫৫ | ০৩১৫২৫ | মুহাম্মদ ইউছুফ |

(খ) ক্যাডারের নাম : বাংলাদেশ সিভিল সার্ভিস (পররাষ্ট্র বিষয়ক)
পদের নাম : সহকারী সচিব
সংখ্যা : ০২ জন

| মেধা ক্রমিক নম্বর | রোল/রেজি: নম্বর | প্রার্থীর নাম |
|---|---|---|
| ০১ | ০০৮০৮৯ | কাজী রাসেল পারভেজ |
| ০৭ | ০৩৮৬৫৯ | এস,এম, নাজমুল হাসান |

৪। জনস্বার্থে এই নিয়োগ আদেশ জারী করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৪/১/০৪

( রুকনুদ্দীন আহমদ )
উপ-সচিব

নম্বর : সম/নপি-১০/২০০৩-০৯/১(২৫)

তারিখ : ০১ মাঘ, ১৪১০
১৪ জানুয়ারী, ২০০৪

অনুলিপি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়।
৩। কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ, ঢাকা।
৪। সচিব, সংস্থাপন মন্ত্রণালয়/ সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। নিয়োগকৃত প্রার্থী/প্রার্থীগণের সংশ্লিষ্ট কাগজপত্রসহ ২২তম বিসিএস পরীক্ষার মূল আবেদনপত্র, স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন ও পুলিশ প্রত্যয়ন প্রতিবেদন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত এতৎসঙ্গে প্রেরণ করা হইল। প্রার্থী/প্রার্থীগণ যাহাতে আগামী **১০-০২-২০০৪ তারিখের মধ্যে** সংশ্লিষ্ট ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক নির্দেশিত/পদায়নকৃত কার্যালয়ে যোগদান করিতে পারেন, সেই লক্ষ্যে যথাসময়ে পদায়ন আদেশ জারীর ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
৫। রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।
৬। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা। (সূত্র : তাঁহার পত্র নম্বর - বাসককস / বিসিএস-২২ (২০০০) ফলাফল (গোপনীয়)/৪/২০০৩/৪৪৯১, তারিখ : ২৪-০৮-২০০৩ খ্রি:)।
৭। যুগ্ম-সচিব(এপিডি), সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। উপ-সচিব (কনি/মাঠ প্রশাসন)/(ননি/অপ্র)/(সিআর/সিপি), সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সিনিয়র সিস্টেমস্ এনালিষ্ট, লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। তাঁহাকে পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ২০(বিশ) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
১২। সিনিয়র সহকারী সচিব(ভা:প্র:২)/(জেএ-১) শাখা, সংস্থাপন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। জনাব ------------------------------------------------------------
------------------------------------------------------------

সত্যায়িত
৪/৭/১২
সৈয়দ ফারুক আহম্মদ
সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট,
জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ

( সোহেল আহমেদ )
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৭১৭২৩৪৩